



## বিএসএমএমইউর নয়া ভিসি অধ্যাপক কনক কান্তি বড়ুয়ার ২৪ মার্চ দায়িত্ব গ্রহণ

প্রকাশিত: ২০ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নতুন ভাইস-চ্যাপ্সেলর হিসেবে নিয়োগ পেয়েছেন দেশের বিশিষ্ট নিউরোসার্জন, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়াল্স এ্যান্ড সার্জেলস (বিসিপিএস)-এর সভাপতি এবং এ বিশ্ববিদ্যালয়ের সার্জারি অনুষদের ডিন ও নিউরোসার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চ্যাপ্সেলর ও বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তাঁকে এ নিয়োগ দেন। তিনি আগামী ২৪ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যাপ্সেলরের দায়িত্বভার গ্রহণ করবেন। গত ১৫ মার্চ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপ-সচিব বদরুন নাহার স্বাক্ষরিত প্রজ্ঞাপনে তাঁকে এই নিয়োগ দেয়া হয় (নং-স্বাপকম/চিশি-১/নিয়োগ-১(১১)/৯৮(অংশ))।

অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতিরও দায়িত্ব পালন করেছেন।

দেশের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখা গুণী এই শিক্ষকের ইতোমধ্যে ৪৭টিরও বেশি গবেষণালঞ্চ প্রবন্ধ, নিবন্ধ দেশী-বিদেশী জার্নাল ও আন্তর্জাতিক নিউরোসার্জিক্যাল জার্নালে প্রকাশিত হয়েছে। গাইড হিসেবে তাঁর তত্ত্বাবধানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন এমএস ইন নিউরোসার্জারি বিষয়ক ১৫টি থিসিস পরিচালিত হয়েছে। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তুক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সার্টন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By  
**Bikiran.Com**